# DCS Newsletter

# নিউজলেটার

বর্ষ ০২, সংখ্যা ০৯ | সেপ্টেম্বর ২০২৫






**বাংলাদেশ জামায়াতে ইসলামী**
**ঢাকা মহানগরী দক্ষিণ**

Web: www.jamaatdhakacitysouth.org
Email: info@jamaatdhakacitysouth.org
Phone: +8802226639277




# শাহজাহানপুর পূর্ব থানার রুকন সম্মেলন অনুষ্ঠিত

বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের শাহজাহানপুর পূর্ব থানার উদ্যোগে ১ আগস্ট সকালে স্থানীয় একটি মিলনায়তনে রুকন সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদ।




মহানগরীর কর্মপরিষদ সদস্য ও থানা আমীর মুহাম্মদ শরিফুল ইসলামের সভাপতিত্বে এবং মহানগরীর মজলিসে শুরা সদস্য ও থানা সেক্রেটারি মো. আনোয়ার হোসেনের পরিচালনায় সম্মেলনে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় মজলিসে শুরা সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সহকারী সেক্রেটারি মুহাম্মাদ শামছুর রহমান। এছাড়াও উপস্থিত ছিলেন শাহজাহানপুর পূর্ব থানার কর্মপরিষদ সদস্যবৃন্দ।

# ‘জুলাই’২৪ এর গণঅভ্যুত্থান: প্রত্যাশা, প্রাপ্তি ও করণীয়’ শীর্ষক আলোচনা এবং ‘২য় স্বাধীনতার শহীদ ও আহত যারা’ বইয়ের ইংরেজি ও আরবি ভার্সনের মোড়ক উন্মোচন

১ আগস্ট ২০২৫




১ আগস্ট সকাল ১০টায় বাংলাদেশ জামায়াতে ইসলামীর উদ্যোগে ‘জুলাই’২৪ এর গণঅভ্যুত্থান: প্রত্যাশা, প্রাপ্তি ও করণীয়’ শীর্ষক আলোচনা এবং ‘২য় স্বাধীনতার শহীদ ও আহত যারা’ বইয়ের ইংরেজি ও আরবি ভার্সনের মোড়ক উন্মোচন এবং শহীদ স্মৃতি তথ্যসম্বলিত ওয়েবসাইটের আনুষ্ঠানিক উদ্বোধন উপলক্ষে ঢাকা মহানগরীতে অবস্থিত জাতীয় প্রেসক্লাব মিলনায়তনে এক জাতীয় সেমিনারের আয়োজন করা হয়। এতে সভাপতিত্ব করেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর নায়েবে আমির ও সাবেক এমপি অধ্যাপক মুজিবুর রহমান। পবিত্র কুরআন তিলাওয়াত ও অর্থ পাঠের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়। ‘২য় স্বাধীনতার শহীদ ও আহত যারা’ বইয়ের তথ্য সংগ্রহের ওপর একটি তথ্যচিত্র প্রদর্শন করা হয়। সেমিনারে ‘জুলাই’২৪ এর গণঅভ্যুত্থান: প্রত্যাশা, প্রাপ্তি ও করণীয়’ শীর্ষক বিষয়ের ওপর মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল ও সাবেক এমপি অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার।






## জুলাই গণঅভ্যুত্থানের ১ম বর্ষপূর্তি উপলক্ষে হাজারীবাগ উত্তর থানার উদ্যোগে আজ ফ্রি মেডিকেল ক্যাম্প ও ব্লাড গ্রুপিং কর্মসূচি পালন

**৩ আগস্ট ২০২৫**




জুলাই গণঅভ্যুত্থানের ১ম বর্ষপূর্তি উপলক্ষে হাজারীবাগ উত্তর থানার উদ্যোগে আজ ফ্রি মেডিকেল ক্যাম্প ও ব্লাড গ্রুপিং কর্মসূচি পালন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এডভোকেট মো. জসিম উদ্দিন সরকার কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও বাংলাদেশ জামায়াতে ইসলামী মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী, ঢাকা-১০ আসন।

**৪ আগস্ট ২০২৫**



## শিক্ষা ব্যবস্থার উন্নয়নে ও শিক্ষক সমাজের দাবি পূরণে শিক্ষা উপদেষ্টার সঙ্গে জামায়াত নেতৃবৃন্দের বৈঠক

শিক্ষা ব্যবস্থার উন্নয়নে ও শিক্ষক সমাজের যৌক্তিক দাবি পূরণের লক্ষ্যে পরামর্শমূলক প্রস্তাবনা নিয়ে ০৪ আগস্ট দুপুরে সচিবালয়ে শিক্ষা উপদেষ্টা চৌধুরী রফিকুল আবরারের সঙ্গে জামায়াত নেতৃবৃন্দের এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে বাংলাদেশ জামায়াতে ইসলামীর নায়েবে আমীর সাবেক এমপি অধ্যাপক মুজিবুর রহমানের নেতৃত্বে প্রতিনিধি দলের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় শিক্ষা বিভাগের সদস্য সচিব ড. ইকবাল হোসেন ভূঁইয়া, বাংলাদেশ আদর্শ শিক্ষক ফেডারেশনের সেক্রেটারি জেনারেল অধ্যাপক ফজলুল করিম, বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদ, বাংলাদেশ জামায়াতে ইসলামীর ঢাকা মহানগরী দক্ষিণের কর্মপরিষদ সদস্য ও বাংলাদেশ আদর্শ শিক্ষক ফেডারেশন ঢাকা মহানগরী দক্ষিণের সভাপতি অধ্যাপক নুর নবী মানিক, বাংলাদেশ ইসলামী বিশ্ববিদ্যালয়ের সাবেক ভাইস চ্যান্সেলর প্রফেসর কোরবান আলী।

## ৫ আগস্ট ২০২৫

# জুলাই গণঅভ্যুত্থানের বর্ষপূর্তিতে জামায়াতে ইসলামীর উদ্যোগে সমাবেশ ও গণমিছিল




জুলাই গণঅভ্যুত্থানের বর্ষপূর্তি উদযাপন উপলক্ষে ০৫ আগস্ট বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের উদ্যোগে গণমিছিল পূর্বক রাজধানীর পল্টন মোড়ে এক সমাবেশ মহাসমাবেশে রূপ নেয়। কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমীর মো. নূরুল ইসলাম বুলবুলের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল, সাবেক এমপি অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার। কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদের পরিচালনায় অনুষ্ঠিত সমাবেশে বিশেষ অতিথি ছিলেন ইসলামী ছাত্রশিবিরের সেক্রেটারি জেনারেল নুরুল ইসলাম সাদ্দাম।





৮ আগস্ট ২০২৫




# বাংলাদেশ জামায়াতে ইসলামী খিলগাঁও পশ্চিম থানার উদ্যোগে ষান্মাসিক সদস্য (রুকন) সমাবেশ অনুষ্ঠিত

বাংলাদেশ জামায়াতে ইসলামী খিলগাঁও পশ্চিম থানার উদ্যোগে স্থানীয় মিলনায়তনে ষান্মাসিক সদস্য (রুকন) সমাবেশ অনুষ্ঠিত হয়। উক্ত সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামী কেন্দ্রীয় মজলিসে শূরা সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সম্মানিত নায়েবে আমীর জনাব আব্দুস সবুর ফকির।

বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের মজলিসে শূরা সদস্য, খিলগাঁও জোনের সহকারী পরিচালক ও খিলগাঁও পশ্চিম থানার আমীর জনাব এস. এম. মাহমুদ হাসানের সভাপতিত্বে এবং মহানগরী মজলিসে শূরা সদস্য ও খিলগাঁও পশ্চিম থানা সেক্রেটারি জনাব মুহাম্মদ রেজাউল করিমের পরিচালনায় সমাবেশে দারসুল কোরআন পেশ করেন থানা কর্মপরিষদ সদস্য জনাব অধ্যাপক মাওলানা আব্দুর রাজ্জাক। সমাবেশে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন থানা কর্মপরিষদ সদস্য জনাব মো. সারোয়ার, শাহ মো. ছিদ্দিকুল ইসলাম, মো. বাহার উদ্দিন, মো. কামরুজ্জামান ও জাহাঙ্গীর আলমসহ থানা ও ওয়ার্ড নেতৃবৃন্দ।






# ৮ আগস্ট ২০২৫




## বাংলাদেশ জামায়াতে ইসলামী শাহজাহানপুর পশ্চিম থানার রুকন সমাবেশ অনুষ্ঠিত

বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের নায়েবে আমীর, ঢাকা-৮ আসনে জামায়াত মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী এডভোকেট ড. হেলাল উদ্দিন বলেছেন, জুলাই ঘোষণাপত্রে মানুষের প্রত্যাশার প্রতিফলন ঘটেনি। এই ঘোষণাপত্রে একটি দল খুশি হওয়ায় জনমনে সংশয় তৈরি হয়েছে, অন্তর্বর্তীকালীন সরকার ঐ দলের এজেন্ডা বাস্তবায়নে বেশি গুরুত্ব দিয়েছে। জামায়াতে ইসলামী চব্বিশকে একাত্তরের উপরে স্থান দেওয়া হচ্ছে বলা দলে প্রতি প্রশ্ন রেখে ড. হেলাল উদ্দিন বলেন, চব্বিশে গণঅভ্যুত্থান না হলে আপনাদের দলের নেত্রীকে বিদেশে নিয়ে চিকিৎসা করাতে পারতেন না। এমনকি আপনাদের দলের আগামীর নেতা ফাঁসির দণ্ড থেকেও রক্ষা পেতো না। আজ আপনারা যাদের রক্তের বিনিময়ে লম্বা লম্বা কথা বলছেন, তাদের ত্যাগকে স্বীকার না করে, মর্যাদা না দিয়ে, গণহত্যার বিচার ও রাষ্ট্রের সংস্কারের পক্ষে কথা না বলে শুধু নির্বাচন নির্বাচন করছেন। ১৭ বছর পালিয়ে থাকার পর ছাত্র-জনতা আপনাদেরকে স্বাধীনভাবে বেঁচে থাকার পরিবেশ সৃষ্টি করে দিয়েছে। অথচ সেই গণঅভ্যুত্থানে শহীদ ও আহতদের তালিকা এখস পর্যন্ত করা হয়নি কেন?- এই বিষয়ে আপনাদের নিরবতায় জাতি হতাশ।

# বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা-৯ আসনের উদ্যোগে ইমাম ও খতিব সমাবেশ অনুষ্ঠিত

৯ আগস্ট ২০২৫




০৯ আগস্ট ২০২৫ ইং তারিখ বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা-৯ আসনের উদ্যোগে ইমাম ও খতিব সমাবেশ অনুষ্ঠিত হয় বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের কেন্দ্রীয় সহ-সভাপতি ও বাংলাদেশ জামায়াতে ইসলামী মনোনীত ঢাকা-৯ আসনের সংসদ সদস্য পদপ্রার্থী জনাব কবির আহমদের সভাপতিত্বে এবং মাদারটেক বাইতুল্লাহ জামে মসজিদের সম্মানিত খতিব মাওলানা ওয়ালী উল্লাহ হেলালীর পরিচালনায় উক্ত সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামী মহানগরী দক্ষিণের কর্মপরিষদ সদস্য ও মহানগরী ওলামা বিভাগের সম্মানিত সভাপতি মাওলানা মোশারফ হোসাইন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহানগরী ওলামা বিভাগের সেক্রেটারি ও তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসার সম্মানিত মুফতি মাওলানা মোহাম্মদ মহিউদ্দিন।

এছাড়াও উপস্থিত ছিলেন ঢাকা-৯ আসনের বিভিন্ন অঞ্চলের জুমআ মসজিদের সম্মানিত ইমাম ও খতিব এবং থানাসমূহের আমীর, সেক্রেটারি ও দায়িত্বশীল নেতৃবৃন্দ।

# বাংলাদেশ জামায়াতে ইসলামী কোনাপাড়া থানার উদ্যোগে পরিচ্ছন্নতা অভিযান পরিচালিত

১০ আগষ্ট ২০২৫









বাংলাদেশ জামায়াতে ইসলামী কোনাপাড়া থানার উদ্যোগে বাঁশেরপুল গোলাম মোস্তফা কলেজের সাথে ডিএনসিসি খালের পাশের বিভিন্ন স্থানে দীর্ঘদিন ধরে জমে থাকা ময়লা-আবর্জনা অপসারণ, পানি নিষ্কাশনের জন্য ছোট ছোট ড্রেন তৈরি করে এলাকা পরিষ্কার করা হয়। কোনাপাড়া থানা আমীর আকতারুজ্জামান চয়নের তত্ত্বাবধানে এবং থানা সেক্রেটারি মাওলানা ওমর ফারুকের নেতৃত্বে উক্ত পরিচ্ছন্নতা অভিযানে উপস্থিত ছিলেন থানা কর্ম পরিষদ সদস্য ও বাঁশেরপুল ওয়ার্ড সভাপতি ইমাম হোসেন মিরাজ, থানা সমাজকল্যাণ সম্পাদক হারুন রশীদ, ওহীদুজ্জামান, ইকবাল হোসেন, হাফেজ ফয়জুল ইসলাম, সালাউদ্দিন আহমেদ এবং ওয়ার্ড ও ইউনিটের বিভিন্ন পর্যায়ের দায়িত্বশীলবৃন্দ।

# সূত্রাপুর-ওয়ারী জোন রুকন সমাবেশ অনুষ্ঠিত




বাংলাদেশ জামায়াতে ইসলামী সূত্রাপুর-ওয়ারী জোনের রুকন সমাবেশ ১০ আগস্ট রাতে অনুষ্ঠিত হয়েছে। সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় মজলিসে শূরা সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সহকারী সেক্রেটারি মুহাম্মদ দেলাওয়ার হোসেন।

সূত্রাপুর-ওয়ারী জোন পরিচালক ও মহানগরীর অফিস সেক্রেটারি কামরুল আহসান হাসানের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে জোনের থানা আমীরসহ দায়িত্বশীল নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

# ১৩ আগস্ট ২০২৫




## রাজধানীতে বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরীর (উত্তর ও দক্ষিণ) উদ্যোগে জুলাই ঘোষণা ও জুলাই সনদের আইনগত ভিত্তি প্রদান এবং সেই আলোকে আগামী জাতীয় সংসদ নির্বাচনের দাবিতে বিক্ষোভ মিছিল পূর্বক সমাবেশ অনুষ্ঠিত

জামায়াতে ইসলামী ইলেকশন চায়, সিলেকশন চায় না, মেনেও নিবে না উল্লেখ করে বাংলাদেশ জামায়াতে ইসলামীর নায়েবে আমীর সাবেক এমপি ডা. সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহের বলেন, সরকারের নির্বাচনের রোডম্যাপকে শুধুমাত্র একটি দল স্বাগত জানিয়েছে। গনতন্ত্রকামী দেশের অন্য রাজনৈতিক দলগুলো স্বাগত জানায়নি, জানাতে পারেনি। কারণ নির্বাচনের আগে রাষ্ট্রের সংস্কার, সকল গণহত্যার বিচার নিশ্চিত এবং লেভেল প্লেয়িং ফিল্ড তৈরি হয়নি৷ স্বাধীনতার ৫৪ বছরেও এদেশের জনগণ একটি অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ নির্বাচন দেখেনি। জুলাই গণঅভ্যুত্থান পরবর্তী জাতি নতুন বাংলাদেশ গড়ার স্বপ্নে একটি অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ নির্বাচনের আশা করেছে। এজন্য রাষ্ট্রের মৌলিক সংস্কার ও গণহত্যার বিচার চেয়েছে। অন্তর্বর্তীকালীন সরকার দায়িত্ব নিয়ে ঘোষণাও দিয়েছিলো রাষ্ট্রের সংস্কার করবে। কিন্তু এই সরকারের উচিত ছিল আগে নিজেরা যেই চেয়ারে বসেছে সেই চেয়ার গুলো ধুয়েমুছে পরিস্কার ও পবিত্র করা। কারণ তারা সংস্কারহীন অপবিত্র, অপরিষ্কার চেয়ারে বসে নিজেদের দেওয়া প্রতিশ্রুতি ভুলে গিয়েছে।





# ১৫ আগস্ট ২০২৫




## বাংলাদেশ জামায়াতে ইসলামী খিলগাঁও পশ্চিম থানার উদ্যোগে কর্মী শিক্ষা শিবির অনুষ্ঠিত



১৫ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ স্থানীয় মিলনায়তনে বাংলাদেশ জামায়াতে ইসলামী খিলগাঁও পশ্চিম থানার উদ্যোগে কর্মী শিক্ষা শিবির অনুষ্ঠিত হয়। উক্ত শিক্ষা শিবিরে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামী কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামী কেন্দ্রীয় মজলিসে শূরা সদস্য, মহানগরী কর্মপরিষদ সদস্য ও খিলগাঁও জোনের সম্মানিত পরিচালক মাওলানা ফরিদুল ইসলাম। বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের মজলিসে শূরা সদস্য, খিলগাঁও জোনের সহকারী পরিচালক ও খিলগাঁও পশ্চিম থানার আমীর জনাব এস এম মাহমুদ হাসানের সভাপতিত্বে এবং মহানগরী মজলিসে শূরা সদস্য ও খিলগাঁও পশ্চিম থানা সেক্রেটারি মুহাম্মদ রেজাউল করিমের পরিচালনায় অনুষ্ঠিত শিক্ষা শিবিরে বিশেষ অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের কেন্দ্রীয় সহ-সভাপতি ও ঢাকা-৯ আসনের জামায়াত মনোনীত সংসদ সদস্য প্রার্থী জনাব কবির আহমদ, মহানগরী মজলিসে শূরা সদস্য, খিলগাঁও জোনের সম্মানিত টিম সদস্য ও খিলগাঁও পূর্ব থানার সাবেক আমীর জনাব মুহাম্মদ শাহজাহান, বৃহত্তর খিলগাঁও থানার সাবেক কর্মপরিষদ সদস্য জনাব হামেদ বাহার এবং খিলগাঁও পশ্চিম থানার সাবেক কর্মপরিষদ সদস্য জনাব আবুল হাসানাত মো. মর্তুজা।

# ১৬ আগস্ট ২০২৫




## শ্যামপুর-কদমতলী জোন আয়োজনে উলামা সমাবেশ অনুষ্ঠিত





বাংলাদেশ জামায়াতে ইসলামী শ্যামপুর-কদমতলী জোনের আয়োজনে উলামা সমাবেশ ১৬ আগস্ট স্থানীয় এক কমিউনিটি সেন্টারে অনুষ্ঠিত হয়। ঢাকা মহানগরী দক্ষিণের কর্মপরিষদ সদস্য ও ঢাকা-৪ আসনে জামায়াত মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী সৈয়দ জয়নুল আবেদীনের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদ।

বিশেষ অতিথি ছিলেন মহানগরীর সহকারী সেক্রেটারি, ঢাকা-৬ আসনে জামায়াত মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী ড. আব্দুল মান্নান এবং মহানগরীর কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের উলামা সম্পাদক অধ্যক্ষ মাওলানা মোশাররফ হোসাইন।

কদমতলী মধ্য থানা আমীর ও ঢাকা-৪ আসনে জামায়াতে ইসলামীর নির্বাচন পরিচালনা কমিটির সদস্য সচিব মুহাম্মদ মহিউদ্দিনের পরিচালনায় সমাবেশের শুরুতে দারসুল কোরআন পেশ করেন তাআলীমুল মিল্লাত কামিল মাদ্রাসার মুহাদ্দিস মুফতি মহি উদ্দিন। এছাড়াও সমাবেশে উলামায়ে মাশায়েখগণ বক্তব্য রাখেন।






**১৮ আগস্ট ২০২৫**

# জুলাই শহীদদের স্মরণে গেন্ডারিয়া উত্তর থানা জামায়াতে ইসলামীর উদ্যোগে 'ফ্রি ব্লাড গ্রুপি

জুলাই বিপ্লবের শহীদদের স্মরণে গেন্ডারিয়া উত্তর থানা জামায়াতে ইসলামীর উদ্যোগে স্থানীয় তানযিমুল বানাত মহিলা মাদরাসায় 'ফ্রি ব্লাড গ্রুপিং' কর্মসূচি ১৮ আগস্ট অনুষ্ঠিত হয়েছে। কর্মসূচির উদ্বোধন করেন প্রধান অতিথি বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় মজলিসে শুরা সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সহকারী সেক্রেটারি, ঢাকা-৬ আসনে জামায়াত মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী ড. আব্দুল মান্নান।



## ঢাকা দক্ষিণ মেডিকেল বিভাগের ষান্মাসিক শিক্ষা বৈঠক অনুষ্ঠিত

বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের মেডিকেল বিভাগের উদ্যোগে সোমবার রাজধানীর একটি মিলনায়তনে ষান্মাসিক শিক্ষা বৈঠক অনুষ্ঠিত হয়েছে। শিক্ষা বৈঠকে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদ।

মহানগরী মজলিসে শূরা সদস্য ও মেডিকেল বিভাগ দক্ষিণের সভাপতি বিশিষ্ট চক্ষু রোগ বিশেষজ্ঞ ডা. এমজি ফারুকের সভাপতিত্বে শিক্ষা বৈঠকে প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় মজলিসে শুরা সদস্য ও ঢাকা মহানগর দক্ষিণের সহকারী সেক্রেটারি মু. দেলোয়ার হোসেন, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহানগরীর কর্মপরিষদ সদস্য ও পেশাজীবি জোন-১ এর সহকারি পরিচালক এডভোকেট এসএম কামাল উদ্দিন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের আরবি বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ রফিকুল ইসলাম। শিক্ষা বৈঠকটি সঞ্চালনা করেন মহানগরী মজলিসে শূরা সদস্য ও মেডিকেল বিভাগ দক্ষিণের সেক্রেটারি বিশিষ্ট নাক কান ও গলা রোগ বিশেষজ্ঞ ডা. মোহাম্মদ মারুফ শাহরিয়ার।

১৯ আগস্ট ২০২৫




# ঢাকা জজকোর্ট আইনজীবী শাখার রুকন সম্মেলন অনুষ্ঠিত

বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের ঢাকা জজকোর্ট আইনজীবী শাখা রুকন সম্মেলন ১৯ আগস্ট বিকেলে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা জজকোর্ট আইনজীবী শাখার সভাপতি এডভোকেট মো. আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদ।

প্রধান অতিথি ড. শফিকুল ইসলাম মাসুদ বলেন, ইসলামের দাওয়াত দিলে কোন আপত্তি নাই। কিন্তু যখনই ইসলামি সমাজ বিনির্মাণের কথা বলা হয়, কুরআনের আইন প্রতিষ্ঠার কথা বলা হয় তখনই বিরোধিতা শুরু হয়। সমাজতন্ত্র ও জাতীয়তাবাদের নামে বিগত ৫৪ বছর দেশের জনগণকে শোষণ করা হয়েছে। এখন তারা সরাসরি ঘোষণা দিচ্ছে, তারা ইসলামী শরিয়াহ বিশ্বাস করে না! জুলাই গণঅভ্যুত্থানে সবচেয়ে বড় প্রাপ্তি, হাসিনা নাই। জাতি ফ্যাসিস্ট হাসিনার হাত থেকে মুক্ত হয়েছে এটাই সবচেয়ে বড় প্রাপ্তি। আশা করা যায়, জনগণ সমাজতন্ত্র আর জাতীয়তাবাদের কবর রচনা করে ইসলামি সমাজ বিনির্মাণে আগামী জাতীয় সংসদ নির্বাচনে ভূমিকা রাখবে।

## ২০ আগস্ট ২০২৫



# ঢাকা মহানগরী দক্ষিণের ইঞ্জিনিয়ার্স ফোরামের কর্মী সম্মেলন অনুষ্ঠিত

বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের ইঞ্জিনিয়ার্স ফোরামের উদ্যোগে মঙ্গলবার রাতে রাজধানীর একটি মিলনায়তনে কর্মী সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদ।

## ২৩ আগস্ট ২০২৫




বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের উদ্যোগে ২৩ আগস্ট অনুষ্ঠিত "জুলাই সনদ: আকাঙ্ক্ষা ও বাস্তবায়ন" শীর্ষক গোলটেবিল বৈঠকে বিশেষ অতিথির বক্তব্য রাখেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় মজলিসে শূরা সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সহকারী সেক্রেটারি, ঢাকা-৫ আসনে জামায়াত মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী মোহাম্মদ কামাল হোসেন।




# ওয়ারী পূর্ব থানার সুধী সমাবেশ অনুষ্ঠিত

বাংলাদেশ জামায়াতে ইসলামী ওয়ারী পূর্ব (৩৯ নং ওয়ার্ড) থানার বিশিষ্ট ব্যক্তিদের নিয়ে ২৪ আগস্ট রাতে সুধী সমাবেশ অনুষ্ঠিত হয়। ওয়ারী পূর্ব থানা আমীর মোতাছিম বিল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামী কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমীর জননেতা মো. নূরুল ইসলাম বুলবুল।









ওয়ারী পূর্ব থানা অফিস সেক্রেটারি মো. আব্দুল হান্নানের পরিচালনায় অনুষ্ঠিত সমাবেশে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মহানগরীর অফিস সেক্রেটারি ও ঢাকা-৬ আসনে জামায়াতে ইসলামীর নির্বাচন পরিচালনা কমিটির পরিচালক কামরুল আহসান হাসান, ওয়ারী দক্ষিণ থানা আমীর মাহফুজুল হক, ওয়ারী পূর্ব থানা সেক্রেটারি আব্দুল মুকিত রব্বানী, শহীদ পরিবারের পক্ষ থেকে শহীদ রফিকুল ইসলামের ছেলে আবু রায়হান, শহীদ জুনায়েদের বাবা জামাল হোসেনসহ অন্যান্য নেতৃবৃন্দ। এছাড়াও সমাবেশে থানা বায়তুলমাল সম্পাদক অধ্যাপক একে এম মুছা, বীর মুক্তিযোদ্ধা দীন মোহাম্মদসহ স্থানীয় বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

২৪ আগষ্ট ২০২৫




# রাজনৈতিক নেতৃবৃন্দের সাথে ডিএমপির মতবিনিময় সভা

রাজনৈতিক নেতৃবৃন্দের সাথে রাজধানীর রাজারবাগ পুলিশ লাইনের অডিটোরিয়ামে মতবিনিময় সভার আয়োজন করে ঢাকা মেট্রোপলিটন পুলিশ। এতে বাংলাদেশ জামায়াতে ইসলামীর পক্ষ থেকে বক্তব্য রাখেন কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমীর মো. নূরুল ইসলাম বুলবুল। আরও বক্তব্য রাখেন কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী উত্তরের সেক্রেটারি ড. মো. রেজাউল করিম।

# জাতীয় প্রেস ক্লাবে জামায়াতে ইসলামীর আলোচনা সভা




জুলাই ঘোষণা, জুলাই সনদের আইনি ভিত্তি প্রদান ও বাস্তবায়ন এবং পিআর পদ্ধতিতে আগামী জাতীয় সংসদ নির্বাচনের দাবিতে বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের উদ্যোগে এক আলোচনা সভা ২৮ আগস্ট বিকেলে জাতীয় প্রেস ক্লাবের আব্দুস সালাম হলরুমে অনুষ্ঠিত হয়। কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমীর জননেতা মো. নূরুল ইসলাম বুলবুলের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর নায়েবে আমীর সাবেক এমপি ডা. সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহের।










২৯ আগস্ট ২০২৫



# গুরুতর আহত গণঅধিকার পরিষদের আহ্বায়ক নুরুল হক নূরকে দেখতে হাসপাতালে জামায়াত নেতৃবৃন্দ

ফ্যাসিবাদের দোসর জাতীয় পার্টির সাথে গণঅধিকার পরিষদের সংঘর্ষের জেরে গণঅধিকার পরিষদের আহ্বায়ক ও ডাকসুর সাবেক ভিপি নুরুল হক নূরকে নিষ্ঠুরভাবে পিটিয়ে গুরুতর আহত করা হয়েছে। চিকিৎসার জন্য প্রথমে ইসলামী ব্যাংক হাসপাতালে ভর্তি করা হলেও পরে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে তাকে স্থানান্তর করা হয়। তাৎক্ষণিক তাকে দেখতে হাসপাতালে ছুটে যান বাংলাদেশ জামায়াতে ইসলামীর নেতৃবৃন্দ।



কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমির মো. নূরুল ইসলাম বুলবুলের নেতৃত্বে জামায়াতের একটি টিম প্রথমে ইসলামী ব্যাংক হাসপাতালে এবং পরে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ছুটে যান। এ সময় গণঅধিকার পরিষদের সদস্য সচিব রাশেদ খান, ইসলামী আন্দোলন বাংলাদেশের নেতৃবৃন্দ, এনডিএম-এর চেয়ারম্যান ববি হাজ্জাজসহ আরও বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

## ২৯ আগস্ট ২০২৫




# যাত্রাবাড়ী-শ্যামপুর থানা (৫১ নং ওয়ার্ড) কর্মী সম্মেলন অনুষ্ঠিত

বাংলাদেশ জামায়াতে ইসলামী যাত্রাবাড়ী-শ্যামপুর থানা (৫১ নং ওয়ার্ড) কর্মী সম্মেলন ২৯ আগস্ট রাতে অনুষ্ঠিত হয়েছে। যাত্রাবাড়ী-শ্যামপুর থানা আমীর যাকির হোসাইনের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমীর মো. নূরুল ইসলাম বুলবুল।

বিশেষ অতিথি ছিলেন কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ড. খলিলুর রহমান মাদানী এবং মহানগরীর কর্মপরিষদ সদস্য ও ঢাকা-৪ আসনে জামায়াত মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী সৈয়দ জয়নুল আবেদীন।

থানা বায়তুলমাল সম্পাদক আব্দুল আহাদ জিহাদীর পরিচালনায় সম্মেলনে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন মহানগরী দক্ষিণের মজলিসে শুরা সদস্য ও তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসার প্রধান মুফাসসির আবুল কাশেম গাজী, মহানগরী দক্ষিণের ওলামা বিভাগীয় সেক্রেটারি ও তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসার প্রধান ফকিহ মুফতি মাওলানা মহিউদ্দিন, থানা নায়েবে আমীর মো. হেলাল উদ্দিন, ৫১ নং ওয়ার্ড কাউন্সিলর পদপ্রার্থী নাজির আহমেদ ভূইয়া প্রমুখ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

এছাড়াও সম্মেলনে থানা শুরা ও কর্মপরিষদ এবং ওয়ার্ড ও ইউনিট দায়িত্বশীলসহ প্রায় পাঁচশতাধিক জনশক্তি উপস্থিত ছিলেন।




৩০ আগস্ট ২০২৫

# গণঅধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুরের উপর হামলার প্রতিবাদে রাজধানীতে জামায়াতে ইসলামীর সমাবেশ ও বিক্ষোভ মিছিল

গণঅধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুরসহ দলীয় নেতাকর্মীদের উপর হামলার প্রতিবাদে ৩০ আগস্ট দুপুরে বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের উদ্যোগে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

বায়তুল মোকাররম উত্তর গেইটে বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের নায়েবে আমীর এডভোকেট ড. হেলাল উদ্দিনের সভাপতিত্বে মিছিল পূর্বক সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল ও সাবেক এমপি ড. এ এইচ এম হামিদুর রহমান আযাদ।বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা আব্দুল হালিম।

# নিউজলেটার

বর্ষ ০২, সংখ্যা ০৯ | সেপ্টেম্বর ২০২৫

প্রকাশনায়

**বাংলাদেশ জামায়াতে ইসলামী**

**ঢাকা মহানগরী দক্ষিণ**

Web: www.jamaatdhakacitysouth.org
Email: info@jamaatdhakacitysouth.org
Phone: +8802226639277